তারিখ 16 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# ফরিদপুরে শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বিতরণ

প্রতিনিধি, ফরিদপুর

রোটারি ক্লাব অব ফরিদপুর এর উদ্যোগে সদর উপজেলার রোটারী কমিউনিটি ক্রপ্স গ্রামের ডিক্রির চর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেছেন। শিক্ষা উপকরণ বিতারণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছিলেন রোটারি ক্লাব অব ফরিদপুর এর প্রেসিডেন্ট রোটারিয়ান ডা. এম. এ. জলিল, রোট্যারিয়ান নাজমা আক্তার, রোটারিয়ান আজমল হোসেন ফকির, রোটারিয়ান শামছুদ্দীন মোল্লা, রোটারিয়ান ডা. সালাহ উদ্দীনসহ সংশ্লিষ্ট বিদ্যালয়ের সব শিক্ষক-শিক্ষার্থী ও এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গ।